# গঠনতন্ত্র

## তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদ

তেজগাঁও, ঢাকা

সংশোধিত ও পুনর্মুদ্রিত
জানুয়ারি ২০২৬

তেজগাঁও সর্বজনীন পূজা মন্দির (খেলাঘর মাঠ সংলগ্ন)
তেজকুনীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫

সূচিপত্র পৃষ্ঠা


| | |
|---|---|
| অনুচ্ছেদ-০১ : সংগঠনের নাম | ১ |
| অনুচ্ছেদ-০২ : সংগঠনের ঠিকানা, মনোগ্রাম, পতাকা | ১ |
| অনুচ্ছেদ-০৩ : গুরুত্বপূর্ণ শব্দের ব্যাখ্যা | ১ |
| অনুচ্ছেদ-০৪ : সংগঠনের কর্মক্ষেত্র ও কার্যপরিধি | ২ |
| অনুচ্ছেদ-০৫ : সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য | ২ |
| অনুচ্ছেদ-০৬ : সংগঠনের সদস্য হওয়ার নিয়মাবলি এবং সদস্যদের শ্রেণি বিভাগ | ৩ |
| অনুচ্ছেদ-০৭ : সদস্যপদ বাতিল, পুনর্বহাল ও পদত্যাগ | ৪ |
| অনুচ্ছেদ-০৮ : সাংগঠনিক কাঠামো ও সংগঠন পরিচালন পদ্ধতি | ৬ |
| অনুচ্ছেদ-০৯ : কার্যনির্বাহী কমিটির অবকাঠামো এবং দায়িত্ব ও কর্তব্য | ৭ |
| অনুচ্ছেদ-১০ : কার্যনির্বাহী কমিটি গঠন পদ্ধতি | ১২ |
| অনুচ্ছেদ-১১ : কার্যনির্বাহী কমিটির শপথ গ্রহণ ও দায়িত্বভার গ্রহণ | ১২ |
| অনুচ্ছেদ-১২ : মনোনয়ন কমিটি গঠন পদ্ধতি ও মেয়াদকাল | ১৩ |
| অনুচ্ছেদ-১৩ : বিধিমালা বা নীতিমালা প্রণয়নের ক্ষমতা | ১৩ |
| অনুচ্ছেদ-১৪ : উপ-কমিটি গঠন ও মেয়াদকাল | ১৩ |
| অনুচ্ছেদ-১৫ : পরিষদের সভা ও সভার কোরাম | ১৩ |
| অনুচ্ছেদ-১৬ : হিসাব ও নিরীক্ষণ | ১৪ |
| অনুচ্ছেদ-১৭ : গঠনতন্ত্রের বিধিমালা সংশোধন | ১৫ |




## ভূমিকা

'তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদ' দেশে বিদেশে সনাতন ধর্মের প্রচার ও প্রসারের লক্ষ্যে এবং সনাতন সমাজ উন্নয়নের উদ্দেশ্যে মন্দিরভিত্তিক একটি সংগঠন। ২০১৭ সাল থেকে এ সংগঠনের অগ্রযাত্রার শুভ সূচনা হয়। এ সংগঠন পারস্পরিক শান্তি ও সম্প্রীতির মাধ্যমে বাংলাদেশের সংবিধান ও প্রচলিত আইনকানুন অনুসরণে পরিচালিত হবে। এ সংগঠনের সকল সদস্য, সকল কমিটি, উপ-কমিটি এবং সংশ্লিষ্ট সকলে এ গঠনতন্ত্রের লিখিত নিয়মকানুন, বিধিনিষেধ মেনে চলতে বাধ্য থাকবেন।

## অনুচ্ছেদ-০১ : সংগঠনের নাম

'তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদ' নামে এই সংগঠন পরিচিত হবে। এ পরিষদের সম্পূর্ণ নিয়ন্ত্রণাধীনে থাকবে 'তেজগাঁও সর্বজনীন পূজা মন্দির', তেজকুনিপাড়া (খেলাঘর মাঠ সংলগ্ন), তেজগাঁও, ঢাকা ১২১৫।

## অনুচ্ছেদ-০২ : সংগঠনের ঠিকানা, মনোগ্রাম, পতাকা

ক. **ঠিকানা/যোগাযোগ : সংগঠনের ঠিকানা**
তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদ
তেজগাঁও সর্বজনীন পূজা মন্দির
তেজকুনিপাড়া (খেলাঘর মাঠ সংলগ্ন)
তেজগাঁও, ঢাকা-১২১৫

খ. **মনোগ্রাম :** নিম্নরূপ হবে-

গ. **পতাকা :** সবুজ রঙের কাপড়ের মাঝখানে গেরুয়া রঙের বৃত্ত। বৃত্তের মধ্যে সাদা শঙ্খ প্রতীক।

## অনুচ্ছেদ-০৩ : গুরুত্বপূর্ণ শব্দের ব্যাখ্যা

ক. **'পরিষদ'** বলতে 'তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদ'কে বোঝাবে।

খ. **'গঠনতন্ত্র'** বলতে তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদের এই গঠনতন্ত্রকে বোঝাবে।

গ. **'অর্থ বৎসর বা হিসাব কাল'** বলতে ১টি ইংরেজি পঞ্জিকা-বর্ষ অর্থাৎ জানুয়ারি-ডিসেম্বর পর্যন্ত সময়কালকে বোঝাবে।

ঘ. **'সদস্য'** বলতে তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদের যে কোনো কমিটির সদস্য, দাতা সদস্য, আজীবন সদস্য এবং সাধারণ সদস্য এরূপ কোন ব্যক্তিকে বোঝাবে।

ঙ. **'কার্যনির্বাহী কমিটি'** বলতে কার্যনির্বাহী পরিষদ বা ইসি কমিটিকে বোঝাবে।

**অনুচ্ছেদ-০৪ : সংগঠনের কর্মক্ষেত্র ও কার্যপরিধি**

তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদের কর্মক্ষেত্র বা অধিক্ষেত্র হবে ঢাকা শহরসহ সমগ্র বাংলাদেশ। এ ছাড়াও প্রয়োজনবোধে বাংলাদেশের বাইরে অন্য দেশেও কার্যপরিধি বিস্তার লাভ করতে পারবে।

**অনুচ্ছেদ-০৫ : সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য**

তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদ একটি অরাজনৈতিক সংগঠন, তবে বাংলাদেশ সরকারের নিয়মনীতি ও নির্দেশনা মেনে চলবে। নিম্নলিখিত উদ্দেশ্য ও লক্ষ্যে পরিষদের কার্যক্রম পরিচালিত হবে:

ক. সনাতন ধর্মাবলম্বীদের ঐক্যবদ্ধকরণ এবং পারস্পরিক সাহায্য, সহযোগিতা, ভ্রাতৃত্ববোধ ও মমত্ববোধকে জাগ্রত করে সর্বজনীন পূজা মন্দিরের কার্যক্রম পরিচালনা করা।

খ. সনাতন ধর্মের সকল ধর্মীয় অনুষ্ঠান যেমন পূজা-পার্বন, আচার ক্রিয়াদি নিষ্ঠার সঙ্গে পালন করা।

গ. সনাতন ধর্মের প্রচার ও প্রসারের লক্ষ্যে ধর্মগ্রন্থসমূহ যেমন- বেদ, গীতা, চণ্ডী প্রভৃতির বাংলা ব্যাখ্যাসহ পাঠের ব্যবস্থা করা এবং পরিষদের সদস্যদের মধ্যে বিভিন্ন ধর্ম গ্রন্থ পাঠের অভ্যাস গড়ে তোলা।

ঘ. তেজগাঁও সর্বজনীন পূজা মন্দিরের জন্য পর্যাপ্ত জায়গার ব্যবস্থা করা এবং মন্দিরটিকে একটি আধুনিক ও নান্দনিক মন্দির হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য নিরলস প্রচেষ্টা অব্যাহত রাখা।





ঙ. জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের সঙ্গে সম্প্রীতি স্থাপন, আর্ত-মানবতার সেবা, দুঃস্থ ও অসহায় বিধবা মহিলাদের যথাসম্ভব সাহায্য সহযোগিতা করা।

চ. সনাতন ধর্মের দরিদ্র ছাত্র/ছাত্রীদের শিক্ষা বৃত্তির ব্যবস্থা করা, তাদের আবাসন সংকট নিরসনে কাজ করা এবং শিশু-কিশোরদের জন্য মন্দিরভিত্তিক বিদ্যালয়ের ব্যবস্থা করা।

ছ. সংগঠন/পরিষদের সদস্যদের/স্থানীয় ভক্তদের নিয়ে দেশ-বিদেশে মঠ-মন্দির পরিদর্শন বা তীর্থ ভ্রমণের আয়োজন করা।

জ. সনাতন ধর্মের গুণীব্যক্তি, মণিষী, সাধু-সন্নাসীদের জীবনী নিয়ে আলোচনা/সেমিনার করা।

ঝ. সনাতনী গুণীজনদের সম্মাননা প্রদান, আকর্ষণীয় ফলাফলের জন্য ছাত্র-ছাত্রীদের পুরস্কার প্রদান করা।

ঞ. বিভিন্ন জাতীয় দিবস যথাযথ মর্যাদায় পালন করা এবং সরকারি নির্দেশনাবলি অনুসরণ।

ট. বিভিন্ন সনাতন ধর্মীয় প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করাসহ সম্প্রীতি ও সৌহার্দপূর্ণ সম্পর্ক স্থাপন করা এবং।

ঠ. মন্দিরের সকল কাজ-কর্মের স্বচ্ছতা নিশ্চিত করাসহ আর্থিক অব্যবস্থাপনা এবং দুর্নীতির বিরুদ্ধে শূন্য সহিষ্ণুতা প্রদর্শন করা।

**অনুচ্ছেদ-০৬ : তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদের সদস্য হওয়ার নিয়মাবলি এবং সদস্যদের শ্রেণি বিভাগ**

ক. সনাতন ধর্মাবলম্বী ১৮ বৎসরের উর্ধ্বে যে কোনো ব্যক্তি (পুরুষ/মহিলা) সংগঠনের নিয়মনীতি, আদর্শ, উদ্দেশ্য মেনে নির্ধারিত মূল্যের নির্দিষ্ট ফরম পূরণ পূর্বক ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের (এনআইডি) ফটোকপিসহ সদস্য পদের জন্য আবেদন করতে পারবেন।

খ. সংগঠনের সদস্যপদ লাভের জন্য নির্বাহী কমিটির যে কোন একজন সদস্যের সুপারিশসহ আবেদনপত্র নির্বাহী কমিটির সভায় অনুমোদন/মঞ্জুর হতে হবে। এক্ষেত্রে নির্বাহী কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

গ. তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদের সদস্যপদ লাভের পর নির্ধারিত মাসিক প্রণামি/অনুদান নির্ধারিত সময়ের মধ্যে জমা দিয়ে অবশ্যই রসিদ গ্রহণ করতে হবে।

ঘ. তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদে তিন শ্রেণির সদস্য থাকবে। যথা : (১) সাধারণ সদস্য (২) দাতা সদস্য (৩) আজীবন সদস্য।

ঙ. সাধারণ সদস্য পদের জন্য এককালীন ৩,০০০/- (তিন হাজার) টাকা, দাতা সদস্য পদের জন্য এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং আজীবন সদস্য পদের জন্য এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রণামি/অনুদান জমা দিতে হবে। প্রত্যেক শ্রেণির সদস্যই নির্বাহী কমিটি গঠনে ভূমিকা রাখতে পারবেন। তবে দাতা সদস্যগণ বিশেষ সম্মানিত সদস্য হিসেবে গণ্য হবেন। সকল প্রকার সদস্য পদের জন্যই নির্ধারিত আবেদনপত্রে এক কপি পাসপোর্ট সাইজের ছবি ও এনআইডির ফটোকপিসহ আবেদন করতে হবে।

চ. যারা ইতিপূর্বে বিভিন্ন সময়ে সদস্য হয়েছেন, তারা সদস্য হওয়ার প্রমানপত্র অথবা পূর্বের টাকা জমাদানের রসিদ প্রদর্শনপূর্বক সদস্য হিসেবে বিবেচিত হবেন। তবে, তাদের নাম বর্তমান ডাটাবেজে না থাকলে নির্ধারিত আবেদনপত্রে ১ কপি ছবি ও এনআইডির ফটোকপিসহ আবেদন করত ডাটাবেজে নাম অন্তর্ভুক্ত করতে হবে।

**অনুচ্ছেদ-০৭ : সদস্যপদ বাতিল, পুনর্বহাল ও পদত্যাগ**

ক. যদি কোনো সদস্য সংগঠন পরিপন্থি বা গঠনতন্ত্র বিরোধী কিংবা পরিষদের/মন্দিরের সুনাম ক্ষুণ্ন হয় এমন কোনো কাজে জড়িত হন, তবে তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদানপূর্বক নোটিশের সন্তোষজনক জবাব না পেলে নির্বাহী কমিটির সভায় ওই সদস্যের সদস্যপদ বাতিল করা যাবে।

খ. যদি কোনো সদস্য সমাজবিরোধী বা রাষ্ট্রবিরোধী কোনো কাজে জড়িত হন বা ফৌজদারী মামলায় সাজাপ্রাপ্ত হন, তবে নির্বাহী কমিটি তার সদস্যপদ বাতিল করতে পারবেন। যদি কোনো সদস্যের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের হয়, তাহলে নির্বাহী কমিটি অভিযোগের গুরুত্ব বিবেচনা করে তার সদস্যপদ স্থগিত রাখতে পারবেন।





গ. কোনো সদস্য যদি স্বেচ্ছায় নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক বরাবর পদত্যাগপত্র জমা দেন, সেক্ষেত্রে নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে তার সদস্য পদ বাতিল হতে পারে।

ঘ. নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক যদি পদত্যাগ করতে চান, তবে তিনি সভাপতি বরাবর পদত্যাগপত্র জমা দেবেন এবং তা নির্বাহী কমিটির অনুমোদনক্রমে বাস্তবায়ন করা যাবে।

ঙ. নির্বাহী কমিটির সভাপতি যদি পদত্যাগ করতে ইচ্ছা পোষণ করেন তবে, তিনি প্রধান উপদেষ্টার অনুকূলে পদত্যাগপত্র জমা দেবেন এবং কার্যকরী উপদেষ্টা পরিষদের পরামর্শক্রমে প্রধান উপদেষ্টার নির্দেশনা মোতাবেক নির্বাহী কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করা যাবে।

চ. কোনো সদস্য মৃত্যুবরণ করলে তার সদস্যপদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

ছ. কার্যনির্বাহী কমিটির কোনো সদস্য পরপর ৩ (তিন) মাস নির্ধারিত মাসিক প্রণামি পরিশোধে ব্যর্থ হলে কার্যনির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে তার সদস্যপদ স্থগিত/বাতিল করা যাবে।

জ. কার্যনির্বাহী কমিটির কোনো সদস্য পরপর ৩টি কার্যনির্বাহী সভায় যৌক্তিক কারণ ব্যতিরেকে অনুপস্থিত থাকলে তার কার্যনির্বাহী পদের সদস্যপদ কার্যনির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে বাতিল হবে।

ঝ. কার্যনির্বাহী কমিটির কোনো সদস্য বা অন্য কোন সাধারণ সদস্য সংগঠনের বা মন্দিরের কোনো আর্থিক অনিয়ম বা কোন প্রকার অসদাচরণে জড়িত হলে, প্রমাণ সাপেক্ষে কার্যনির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে তার সদস্যপদ বাতিল হবে।

ঞ. কোনো সদস্যের সদস্যপদ বাতিল হলে পরবর্তীকালে উপযুক্ত/সন্তোষজনক কারণ দর্শানো সাপেক্ষে কার্যনির্বাহী কমিটি তার সদস্যপদ পুনর্বহাল করতে পারবে।

**অনুচ্ছেদ-০৮ : সাংগঠনিক কাঠামো ও সংগঠন পরিচালন পদ্ধতি**

তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদের সাংগঠনিক কাঠামো তিন স্তর বিশিষ্ট হবে। যথা : (১) সাধারণ পরিষদ (২) কার্যনির্বাহী কমিটি (৩) উপদেষ্টা পরিষদ

**সাধারণ পরিষদের গঠন ও কার্যাবলি :** সাধারণ পরিষদ 'তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদ'-এর সর্বোচ্চ এবং নীতি নির্ধারণী পরিষদ। সংগঠনের সকল সদস্য এই সাধারণ পরিষদের সদস্য। প্রতি বৎসর ন্যূনতম একবার বার্ষিক সাধারণ সভা আহ্বান করতে হবে। সংগঠনের গঠনতন্ত্র প্রণয়ন, সংশোধন, কার্যনির্বাহী কমিটি গঠন, উপদেষ্টা পরিষদ ও কার্যকরী উপদেষ্টা পরিষদ গঠন ও রদবদল এবং আর্থিক প্রতিবেদন অনুমোদনসহ সকল গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ সাধারণ পরিষদের কাজ।

**কার্যনির্বাহী কমিটির সদস্যসংখ্যা, গঠন, মেয়াদ ও কার্যাবলি :** তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদের কার্যনির্বাহী কমিটির সদস্যসংখ্যা হবে ৫১ (একান্ন) জন এবং এ কমিটির মেয়াদ হবে ৩ (তিন) বছর। বার্ষিক সাধারণ সভায় সাধারণ পরিষদ-এর সদস্য এবং প্রয়োজনে উপদেষ্টা পরিষদের সদস্যগণের মধ্য থেকে কার্যনির্বাহী কমিটি গঠন করা হবে। সাধারণ পরিষদের অনুমোদনক্রমে অত্র কমিটির সদস্যসংখ্যা এবং পদ-পদবী পরিবর্তন ও পরিবর্ধন করা যাবে। কার্যনির্বাহী কমিটি সংগঠন পরিচালনার কাণ্ডারী। এই কমিটি বার্ষিক পরিকল্পনা প্রণয়ন, বাজেট পেশ, আয়-ব্যয়ের হিসাব প্রদান, উপ-কমিটি গঠন এবং মন্দির পরিচালনাসহ যাবতীয় কাজকর্ম সম্পাদন করবে।

**উপদেষ্টা পরিষদের গঠন ও কার্যাবলি :** কার্যনির্বাহী কমিটি উপদেষ্টাগণের মনোনয়ন ও প্রয়োজনে রদ-বদল করতে পারবে তবে তা বার্ষিক সাধারণ সভায় অনুমোদন করিয়ে নিতে হবে। তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদের উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা উন্মুক্ত থাকবে। সনাতন ধর্মাবলম্বী বিশিষ্ট জ্ঞানী, সামাজিক মর্যাদা সম্পন্ন ও আর্থিকভাবে স্বচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে উপদেষ্টা পরিষদ গঠিত হবে। উপদেষ্টা পরিষদ মন্দিরের জন্য পর্যাপ্ত জায়গার ব্যবস্থা করাসহ মন্দিরের সম্প্রসারণ এবং স্থায়ী মন্দির প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় সকল প্রকার উদ্যোগ গ্রহণ করবে। এজন্য সংশ্লিষ্ট সকল সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ রক্ষা করবে।

এ ছাড়াও এ পরিষদ আধুনিক প্রযুক্তিগত ও ধর্মীয় চিন্তাভাবনার আলোকে সংগঠনের উন্নয়ন ও কল্যাণ সাধনে দিকনির্দেশনা প্রদান করবেন। কার্যনির্বাহী কমিটি সুষ্ঠুভাবে সংগঠন পরিচালনার জন্য উপদেষ্টাদের মধ্য হতে একটি 'কার্যকরী উপদেষ্টা পরিষদ'





গঠন করবেন। কার্যকরী উপদেষ্টা পরিষদের সদস্যসংখ্যা হবে ৯ জন। এদের মধ্যে ১ জন প্রধান উপদেষ্টা বাকী ৮ জন কার্যকরী উপদেষ্টা পরিষদের সদস্য হিসেবে গণ্য হবেন।

কোন কারণে কার্যনির্বাহী কমিটি ভেঙে দেওয়া হলে বা ব্যর্থ হলে বা অকার্যকর হলে বা সমন্বয়হীনতা দেখা দিলে, কার্যকরী উপদেষ্টা পরিষদ প্রয়োজনবোধে সকল উপদেষ্টাগণের সঙ্গে আলোচনাক্রমে সংগঠন ও মন্দির পরিচালনায় কার্যকর ভূমিকা রাখবেন।

বার্ষিক সাধারণ সভায় গঠিত নতুন কার্যনির্বাহী কমিটি শপথ নেয়ার ১ (এক) মাসের মধ্যে কার্যনির্বাহী কমিটির বিশেষ সভায় নতুন 'কার্যকরী উপদেষ্টা পরিষদ' গঠন করতে হবে। কার্যকরী উপদেষ্টা পরিষদের মেয়াদ হবে ৩ বছর। প্রতি তিনমাস অন্তর কার্যকরী উপদেষ্টা পরিষদ কার্যনির্বাহী কমিটির সঙ্গে নিয়মিত সভায় মিলিত হবে। উল্লিখিত সভায় মন্দির পরিচালনা, বিভিন্ন সমস্যার সমাধানসহ মন্দির এবং সংগঠনের সার্বিক অগ্রগতি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**অনুচ্ছেদ-৯ : কার্যনির্বাহী কমিটির অবকাঠামো এবং দায়িত্ব ও কর্তব্য**

তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদের কার্যনির্বাহী কমিটির সদস্য সংখ্যা হবে ৫১ (একান্ন) জন। কার্যনির্বাহী কমিটির পদ-পদবি ও সংখ্যাসমূহ নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| ১. | সভাপতি | : | ১ জন |
| ২. | সহ-সভাপতি | : | ৯ জন |
| ৩. | সাধারণ সম্পাদক | : | ১ জন |
| ৪. | যুগ্ম-সাধারণ সম্পাদক | : | ৩ জন |
| ৫. | সাংগঠনিক সম্পাদক | : | ১ জন |
| ৬. | সহ-সাংগঠনিক সম্পাদক | : | ১ জন |
| ৭. | অর্থ সম্পাদক | : | ১ জন |
| ৮. | সহ-অর্থ সম্পাদক | : | ১ জন |
| ৯. | দপ্তর সম্পাদক | : | ১ জন |
| ১০. | সহ-দপ্তর সম্পাদক | : | ১ জন |
| ১১. | শিক্ষাবিষয়ক সম্পাদক | : | ১ জন |
| ১২. | আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক | : | ১ জন |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | প্রচার সম্পাদক | : | ১ জন |
| ১৪. | গ্রন্থণা ও প্রকাশনা সম্পাদক | : | ১ জন |
| ১৫. | সহ-গ্রন্থণা ও প্রকাশনা সম্পাদক | : | ১ জন |
| ১৬. | সাংস্কৃতিক সম্পাদক | : | ১ জন |
| ১৭. | সহ-সাংস্কৃতিক সম্পাদক | : | ১ জন |
| ১৮. | সমাজ কল্যাণ সম্পাদক | : | ১ জন |
| ১৯. | গণসংযোগ সম্পাদক | : | ১ জন |
| ২০. | আইনবিষয়ক সম্পাদক | : | ১ জন |
| ২১. | ধর্মবিষয়ক সম্পাদক | : | ১ জন |
| ২২. | মহিলা ও শিশুবিষয়ক সম্পাদক | : | ১ জন |
| ২৩. | সহ-মহিলা ও শিশুবিষয়ক সম্পাদক | : | ১ জন |
| ২৪. | ছাত্র, যুব ও ক্রীড়াবিষয়ক সম্পাদক | : | ১ জন |
| ২৫. | পূজাবিষয়ক সম্পাদক | : | ১ জন |
| ২৬. | সহ-পূজবিষয়ক সম্পাদক | : | ১ জন |
| ২৭. | কার্যনির্বাহী কমিটির সদস্য | : | ১৫ জন |

---------------------

মোট = ৫১ জন

ক. **সভাপতির দায়িত্ব ও কর্তব্য :** সভাপতি কার্যনির্বাহী কমিটির সর্বোচ্চ পদাধিকারী এবং প্রধান ব্যক্তি। তিনি পরিষদের শান্তি-শৃঙ্খলা ও স্বচ্ছতা নিশ্চিতকরণসহ সার্বিক কার্যক্রম তদারকি করবেন। কার্যনির্বাহী কমিটির সভা আহ্বানের জন্য তিনি সাধারণ সম্পাদককে পরামর্শ প্রদান করবেন। সংগঠনের স্বার্থে জরুরি প্রয়োজনে তিনি নিজেও নির্বাহী কমিটির সভা আহ্বান করতে পারবেন। সভাপতি সকল সভায় সভাপতিত্ব করবেন এবং কার্যবিবরণীতে স্বাক্ষর করবেন। তিনি ব্যাংক হিসাব পরিচালনা ও নতুন ব্যাংক হিসাব খোলার দায়িত্ব পালন করবেন। সভাপতি রুল জারি করতে পারবেন এবং প্রয়োজনে কাস্টিং ভোট প্রদান করতে পারবেন।

খ. **সহ-সভাপতি :** সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতিগণের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সভাপতির দায়িত্ব ও কর্তব্য পালন করবেন।

গ. **সাধারণ সম্পাদক :** তিনি সংগঠনের প্রধান নির্বাহী ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি এবং মুখপাত্র





হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি সভাপতির পরামর্শক্রমে সভা আহ্বান করবেন। তিনি সংগঠনের যাবতীয় কার্যক্রম বার্ষিক সাধারণ সভায় প্রতিবেদন আকারে পেশ করবেন। সংগঠনের স্বার্থে চিঠিপত্রে স্বাক্ষর করবেন। কর্ম পরিকল্পনা, বাজেট প্রণয়নসহ সংগঠনের যাবতীয় কাজকর্ম সম্পাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। সভাপতির পরামর্শক্রমে তিনি নতুন ব্যাংক হিসাব খোলা এবং পরিচালনার দায়িত্ব পালন করবেন।

ঘ. **যুগ্ম-সাধারণ সম্পাদক :** সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে সহ-সাধারণ সম্পাদকগণের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন। তা ছাড়া তার ওপর অর্পিত বিশেষ কোনো দায়িত্ব থাকলে তা যথাযথ ভাবে পালন করবেন। সর্বোপরি যুগ্ম-সাধারণ সম্পাদক-ত্রয় সাধারণ সম্পাদকের যাবতীয় কাজ-কর্মে সহযোগিতা করবেন।

ঙ. **অর্থ সম্পাদক :** অর্থ সম্পাদক কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে অর্থ সংগ্রহ, সংরক্ষণ ও আয়-ব্যয়ের বিস্তারিত হিসাব (ভাউচারসহ) রাখবেন এবং নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবেন। তিনি হিসাবের খাতা উপস্থাপন করবেন এবং হিসাব সংক্রান্ত আয়-ব্যয়ের খাতা, ব্যাংকের চেক বই, জমা বই প্রভৃতি সংরক্ষণ করবেন। প্রয়োজনের অতিরিক্ত অর্থ তিনি অবশ্যই অতিসত্ত্বর ব্যাংক হিসাবে জমা করবেন। বাৎসরিক বাজেট প্রণয়নসহ প্রতি পূজার পৃথক বাজেট প্রণয়ন এবং অর্থ সংগ্রহের দায়িত্ব পালন করবেন। পূজা শেষে নির্দিষ্ট সময়ের মধ্যে চূড়ান্ত হিসাব প্রদান করবেন।

চ. **সহ-অর্থ সম্পাদক :** তিনি অর্থ সম্পাদকের কাজ-কর্মে সহযোগিতা করবেন এবং তার উপর অর্পিত বিশেষ দায়িত্ব পালন করবেন।

ছ. **সাংগঠনিক সম্পাদক :** তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদের সাংগঠনিক কাঠামোকে গুণগতভাবে শক্তিশালী ভিত্তিতে দাঁড় করাতে বিশেষ ভূমিকা পালন করবেন। তিনি সংগঠনের সদস্য সংখ্যা বৃদ্ধি ও সদস্যদের মধ্যে ভ্রাতৃত্ববোধ সৃষ্টিতে সচেষ্ট থাকবেন। সংগঠনের শৃঙ্খলা রক্ষায় তিনি সদা তৎপর থাকবেন।

জ. **সহ-সাংগঠনিক সম্পাদক :** কার্যনির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক-এর অনুপস্থিতিতে তিনি তাঁর দায়িত্ব পালন করবেন। তিনি পরিষদ-এর সকল কাজের জন্য সাংগঠনিক সম্পাদক-এর নিকট দায়বদ্ধ থাকবেন। কার্যনির্বাহী কমিটি

কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

ঝ. **দপ্তর সম্পাদক :** দপ্তর সম্পাদক অফিসসংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করবেন। তিনি পরিষদের সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর গ্রহণ ও সংরক্ষণ করবেন। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ রেজুলেশন বইয়ে লিপিবদ্ধ করবেন এবং পরবর্তী সভায় তা অবগত করে স্বাক্ষর গ্রহণ করবেন। এ ছাড়াও টেলিফোন এবং মোবাইল ফোনের মাধ্যমে পরিষদ-এর সদস্যদের সঙ্গে যোগাযোগ রক্ষা করবেন। তিনি সংগঠনের চিঠিপত্র প্রণয়ন ও বিতরণ এবং রেজিষ্টারসমূহ সংরক্ষণ করবেন।

ঞ. **সহ-দপ্তর সম্পাদক :** দপ্তর সম্পাদকের অনুপস্থিতিতে তিনি তাঁর ওপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালন করবেন। তা ছাড়া দপ্তর সম্পাদকের কাজ-কর্মে সহায়তা করবেন।

ট. **গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক :** পত্রিকা, বুলেটিন, প্রচারপত্র, ব্যানার, হ্যান্ডবিল, নিমন্ত্রণপত্র, সংকলন প্রভৃতি প্রকাশনার দায়িত্ব পালন করবেন। তিনি গ্রন্থনা ও প্রকাশনার কাজে ব্যয়িত অর্থের বিল, ভাউচারসহ কার্যনির্বাহী কমিটির সভায় অনুমোদনের জন্য পেশ করবেন। তিনি তাঁর কাজের সুবিধার জন্য দপ্তর ও প্রচার সম্পাদক-এর সহায়তা নিতে পারবেন।

ঠ. **সহ-গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক :** গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদকের অনুপস্থিতিতে তিনি তাঁর উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালন করবেন। গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদকের কাজে সর্বদা সহায়তা করবেন।

ড. **সমাজ কল্যাণ সম্পাদক :** সনাতন সমাজের কৃষ্টি, জাতীয় ও আন্তর্জাতিক সাংস্কৃতিক উৎকর্ষ সাধনে কাজ করবেন। রক্তদান, বস্ত্রদান, বৃত্তি প্রদান, অবহেলিত জনগোষ্ঠীর জন্য অনুদান প্রদান, জরুরি ত্রাণ ও পুনর্বাসন এবং পরিবেশ উন্নয়নবিষয়ক কার্যাদি পালন করবেন।

ঢ. **গণসংযোগ সম্পাদক :** সমাজের গুরুত্বপূর্ণ ব্যক্তি, প্রতিষ্ঠানসহ সকলের সঙ্গে যোগযোগ রক্ষা করবেন। বিভিন্ন মন্দিরের সঙ্গে যোগযোগ করে বিভিন্ন বিষয়ে গঠনমূলক মতামত প্রদান করবেন।

ণ. **আইনবিষয়ক সম্পাদক :** সনাতন সম্প্রদায়ের যাবতীয় ধর্মীয় প্রতিষ্ঠান ও দেবোত্তর সম্পত্তির রক্ষণাবেক্ষণ এবং সনাতন সম্প্রদায়কে সকলপ্রকার আইনি সহায়তা প্রদান আইনবিষয়ক সম্পাদকের ওপর ন্যস্ত থাকবে। তিনি কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

ত. **সাংস্কৃতিক সম্পাদক :** ধর্মীয় দিবস, জাতীয় দিবস, বিখ্যাত ব্যক্তিদের স্মরণে জন্ম





ও মৃত্যু দিবস উদ্‌যাপনে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করবেন। বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনা ও কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

থ. **সহ-সাংস্কৃতিক সম্পাদক :** সাংস্কৃতিক সম্পাদক-এর অনুপস্থিতিতে সহ-সাংস্কৃতিক সম্পাদক তাঁর দায়িত্ব পালন করবেন। সাংস্কৃতিক সম্পাদকের বিভিন্ন কাজে সহযোগিতা করাসহ কার্যনিবাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

দ. **ধর্মবিষয়ক সম্পাদক :** ধর্মীয় মূল্যবোধ জাগ্রত করার মানসে গীতাপাঠ, নামযজ্ঞ, ভাগবৎ পাঠ, জন্মাষ্টমী, ধর্মীয় আলোচনাসহ বিভিন্ন সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করবেন।

ধ. **প্রচার সম্পাদক :** পরিষদ-এর উন্নয়নমূলক কাজের বিবরণ প্রকাশ ও প্রচার করবেন। পরিষদ-এর ব্যানার, পোষ্টার, ফেস্টুন ও লিফলেট বিতরণ করবেন। কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

ন. ছাত্র, **যুব ও ক্রীড়া সম্পাদক :** তরুণদের ক্রীড়ার ক্ষেত্র তৈরি করে শারীরিক ও মানসিকভাবে স্বাস্থ্য সুরক্ষায় ভূমিকা পালন করবেন। পরিষদের সকল কাজে যুব-সমাজকে সক্রিয়ভাবে সম্পৃক্ত করে সুষ্টুভাবে কাজ সমন্বয় করবেন।

প. **পূজাবিষয়ক সম্পাদক :** পূজার আনুষ্ঠানিক সকল দায়িত্ব পালনসহ পূজার মর্মবাণী প্রচার করবেন। কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

ফ. **সহ-পূজাবিষয়ক সম্পাদক :** পূজাবিষয়ক সম্পাদকের অনুপস্থিতিতে তিনি তার ওপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালন করবেন। পূজাবিষয়ক সম্পাদকের কাজে সহযোগিতা করবেন।

ব. **মহিলা ও শিশুবিষয়ক সম্পাদক :** নারীর অধিকার বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবেন। বাল্যবিবাহ নিরুৎসাহিত এবং বিধবা বিবাহ ও অসমবর্ণ বিবাহে উৎসাহ প্রদান করবেন। সনাতনীদের ধর্মান্তরিত হওয়া কঠোরভাবে প্রতিরোধ করতে হবে এবং প্রয়োজনে কাউন্সিলিং করতে হবে। নারী ও শিশু নির্যাতন এবং যৌতুক প্রথার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করবেন। আন্তর্জাতিক নারী দিবস পালন, অসহায় বিধবা নারীদের কল্যাণ, এতিম শিশুদের অধিকার আদায়, ইভটিজিংয়ের বিরুদ্ধে নারীদের প্রতিবাদী হওয়ার এবং শিশুদের মানসিক বিকাশে অগ্রণী ভূমিকা পালন করবেন।

ভ. **সহ-মহিলা ও শিশুবিষয়ক সম্পাদক :** মহিলা ও শিশুবিয়ষক সম্পাদক-এর অনুপস্থিতিতে তিনি দায়িত্ব পালন করবেন।

ম. **শিক্ষাবিষয়ক সম্পাদক :** শিক্ষা প্রসারে পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিতর্ক প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করবেন। সনাতন জনগোষ্ঠীর সুবিধা বঞ্চিত শিক্ষার্থীদের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করবেন। কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

য. **আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক :** দেশীয় বিভিন্ন মিশন/দূতাবাসের পাশাপাশি আন্তর্জাতিক বিভিন্ন মিশন ও ধর্মীয় প্রতিষ্ঠানের সঙ্গে যোগযোগ রক্ষা করবেন। কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

র. **কার্যনির্বাহী কমিটির সদস্যদের কার্যক্রম :** কার্যনির্বাহী কমিটির প্রত্যেক সদস্য পরিষদ-এর প্রতিটি সভায় উপস্থিত থাকার চেষ্টা করবেন এবং সুষ্ঠু সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা করবেন। সংগঠন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কার্যকর ভূমিকা পালনসহ কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

### অনুচ্ছেদ-১০ : কার্যনির্বাহী কমিটি গঠন পদ্ধতি

প্রতি ৩ (তিন) বছর অন্তর সংগঠনের কার্যনির্বাহী কমিটির মেয়াদ শেষ হওয়ার অন্তত ২ (দুই) মাস পূর্বেই নতুন কার্যনির্বাহী কমিটি গঠনের লক্ষ্যে বর্তমান কার্যনির্বাহী কমিটির সভায় একটি মনোনয়ন কমিটি গঠন করা হবে। মনোনয়ন কমিটি গঠনের ১৫ দিনের মধ্যে সাধারণ সম্পাদক মনোনয়ন কমিটির নিকট সদস্যদের হালনাগদ তালিকাসহ প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করবেন। মনোনয়ন কমিটি পারস্পরিক আলোচনা, পর্যালোচনা, সদস্যদের মতামত এবং মন্দিরের স্বার্থ বিবেচনা করে বার্ষিক সাধারণ সভায় নতুন কার্যনির্বাহী কমিটি গঠন ও ঘোষণা করবেন। উল্লেখ্য, যদি কোনো সদস্যের বিরুদ্ধে আর্থিক দুর্নীতি, স্বেচ্ছাচারিতা বা গুরুতর অনিয়মের সুনির্দিষ্ট অভিযোগ থাকে, তবে তাকে মনোনীত করা যাবে না। কার্যনির্বাহী কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক পদসমূহে একই ব্যক্তিকে একই পদে পরপর দুই মেয়াদের বেশি মনোনীত করা যাবে না। এই নীতি ভূতাপেক্ষ হতে কার্যকর হবে। তবে মনোনয়ন কমিটি বিকল্প ও যোগ্য ব্যক্তির অভাবে এবং সংগঠনের স্বার্থে/বিশেষ প্রয়োজনে উল্লিখিত বিধান শিথিল করতে পারবেন।





### অনুচ্ছেদ-১১ : কার্যনির্বাহী কমিটির শপথ গ্রহণ ও দায়িত্বভার গ্রহণ

মনোনয়ন কমিটি কর্তৃক কার্যনির্বাহী কমিটি গঠিত হওয়ার পর প্রধান উপদেষ্টা অথবা প্রধান উপদেষ্টার মনোনীত কোনো কার্যকরী উপদেষ্টা নবগঠিত কার্যনির্বাহী কমিটির সদস্যদের শপথ বাক্য পাঠ করাবেন। কার্যনির্বাহী কমিটি গঠন হওয়ার ১৫ দিনের মধ্যে প্রথম সভা আহ্বান করে নবগঠিত কার্যনির্বাহী কমিটি পূর্ববর্তী কার্যনির্বাহী কমিটির নিকট থেকে দায়িত্বভার গ্রহণ করবেন।

### অনুচ্ছেদ-১২ : মনোনয়ন কমিটির গঠন পদ্ধতি ও মেয়াদকাল

কার্যনির্বাহী কমিটির মেয়াদ শেষ হওয়ার ২ (দুই) মাস পূর্বে পরিষদের নতুন কার্যনির্বাহী কমিটি গঠনের জন্য কার্যনির্বাহী কমিটি একটি মনোনয়ন কমিটি গঠন করবেন। মনোনয়ন কমিটির সদস্যসংখ্যা হবে ৫ জন। উপদেষ্টা পরিষদের সদস্যদের মধ্য থেকে প্রধান উপদেষ্টাকে চেয়ারম্যান এবং অন্য ২ জন উপদেষ্টাকে সদস্য এবং সাধারণ সদস্যদের মধ্য থেকে ১ জনকে সদস্য সচিব ও ১ জনকে সদস্য মনোনীত করে মোট ৫ সদস্য বিশিষ্ট মনোনয়ন কমিটি গঠন করতে হবে। কার্যনির্বাহী কমিটি গঠন এবং উক্ত কমিটি সাধারণ সভায় অনুমোদনের পর তাৎক্ষণিকভাবে মনোনয়ন কমিটির মেয়াদ শেষ হয়ে যাবে।

### অনুচ্ছেদ-১৩ : বিধিমালা বা নীতিমালা প্রণয়নের ক্ষমতা

কার্যনির্বাহী কমিটি সংগঠন এবং মন্দির সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজন অনুসারে বিধিমালা বা নীতিমালা প্রণয়ন করতে পারবেন। তবে তা বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন ও অনুমোদন করে নিতে হবে।

### অনুচ্ছেদ-১৪ : উপ-কমিটি গঠন ও মেয়াদকাল

প্রয়োজনবোধে কার্যনির্বাহী কমিটির সংশ্লিষ্ট সম্পদকমণ্ডলী থেকে পদাধিকার ভিত্তিতে ১ জনকে আহ্বায়ক, ১ জনকে সদস্য সচিব এবং ৩ জনকে সদস্য করে মোট ৫ (পাঁচ) সদস্যের উপ-কমিটি গঠন করা যাবে। কার্যনির্বাহী কমিটির এক তৃতীয়াংশ সদস্যের মতামতের ভিত্তিতে উক্ত উপ-কমিটি গঠিত হবে।

যে বিশেষ কাজের বা অনুষ্ঠানের জন্য উপ-কমিটি গঠিত হবে, সে কাজ সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট উপ-কমিটি তাৎক্ষণিকভাবে বিলুপ্ত হয়ে যাবে।

উপ-কমিটি সর্বদা কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে অর্পিত দায়িত্ব পালন করবেন। অর্পিত দায়িত্ব সম্পাদনের পর কার্যনির্বাহী কমিটির নিকট আয়-ব্যয়ের হিসাব প্রদান পূর্বক তা অনুমোদন করে নিবেন।

**অনুচ্ছেদ-১৫ : পরিষদের সভা ও সভার কোরাম**

তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদ সুষ্ঠুভাবে সংগঠন পরিচালনার জন্য নিম্নোক্ত সভাসমূহ আহ্বান করবেন-

ক. **কার্যনির্বাহী কমিটির সভা :** সংগঠন পরিচালনার জন্য প্রতি দুই মাস অন্তর কমপক্ষে একটি কার্যনির্বাহী কমিটির সভা আহ্বান করতে হবে। গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি কোরাম পূর্ণ হিসেবে গণ্য হবে। উক্ত সভায় সংগঠন পরিচালনার যাবতীয় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। তা ছাড়া পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহও অনুমোদিত হবে।

খ. **বার্ষিক সাধারণ সভা :** বার্ষিক সাধারণ সভা সংগঠন পরিচালনার সর্বোচ্চ নীতি নির্ধারণী সভা এবং বৎসরে একবার এই সভা আহ্বান করতে হবে। বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব প্রদান, বাজেট প্রণয়ন, নীতি নির্ধারণ প্রভৃতি গুরুত্বপূর্ণ বিষয়ে উক্ত সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

গ. **বিশেষ সাধারণ সভা :** সংগঠন পরিচালনার স্বার্থে বিশেষ কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ বা নতুন কোন নীতিগত সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজনে বিশেষ সাধারণ সভা আহ্বান করা যেতে পারে।

ঘ. **তলবী সভা :** কার্যনির্বাহী কমিটির কোন সদস্য দুই তৃতীয়াংশ সদস্যগণের সমর্থনে কোন বিষয়ে অনাস্থা বা অন্য কোনো বিশেষ প্রয়োজনে সভা আহ্বানের আবেদন করলে কার্যনির্বাহী কমিটি তলবী সভা বিধিমতে আহ্বান করতে পারবেন।

**সভার কার্যক্রম :** পরিষদের জরুরি প্রয়োজনে কার্যনির্বাহী কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরে যে কোনো সময় সভা আহ্বান করার ক্ষমতা সংরক্ষণ করেন। সভার তারিখ, সময়, স্থান উল্লেখ করে ৭ দিন পূর্বে মৌখিক বা লিখিতভাবে সদস্যদের অবহিত করবেন। সভায় ন্যূনতম এক তৃতীয়াংশ সদস্যবৃন্দের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে যা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে আবশ্যক।





**অনুচ্ছেদ-১৬ : হিসাব পরিচালনা ও নিরীক্ষণ**

ক. তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদ-এর নামে বাংলাদেশের যে কোনো ব্যাংকে এক বা একাধিক হিসাব নম্বর (একাউন্ট) খোলা যাবে। এই হিসাব নম্বর/নম্বরসমূহ কার্যনির্বাহী কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদক (কোষাধ্যক্ষ) এই ৩ (তিন) জনের তত্ত্বাবধানে পরিচালিত হবে। তবে অর্থ-সম্পাদকে বাধ্যতামূলক এবং সভাপতি ও সাধারণ সম্পাদকের মধ্য হতে যে কোনো একজনসহ মোট দুই জনের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব নম্বর/নম্বরসমূহ পরিচালনা করা যাবে। উল্লেখ্য পরিষদের সকল প্রকার আর্থিক লেনদেন ব্যাংক হিসাব নম্বরের মাধ্যমেই করতে হবে।

খ. পরিষদ-এর আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষণের জন্য ১ জনকে প্রধান করে ৫ সদস্য বিশিষ্ট নিরীক্ষণ কমিটি/অডিটর নিয়োগ করা যাবে যা সাধারণ সভায় অনুমোদন করে নিতে হবে। তবে একই ব্যক্তি অডিট কমিটির প্রধান হিসেবে পরপর ২ টার্মের বেশি মনোনীত হতে পারবেন না। অডিট কমিটিতে অন্তত ১ জন সদস্য ব্যাংক হিসাব পরিচালনা বিষয়ে দক্ষ হতে হবে।

**অনুচ্ছেদ-১৭ : গঠনতন্ত্রের সংশোধন**

বিশেষ প্রয়োজনে তেজগাঁও সনাতন সমাজ উন্নয়ন পরিষদ-এর বার্ষিক সাধারণ সভায় এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে গঠনতন্ত্রের যে কোনো বিধিমালা সংশোধন, সংযোজন ও বিয়োজন করা যাবে।



সভাপতি
নিতাই চন্দ্র সাহা



সাধারণ সম্পাদক
প্রকৌশলী ধীরেন্দ্র চন্দ্র দেবনাথ

গঠনতন্ত্র

**গঠনতন্ত্র সংশোধন উপ-কমিটি**

**আহ্বায়ক**
এ্যাডভোকেট বিনয় কৃষ্ণ পোদ্দার

**সদস্য সচিব**
প্রকাশ কুমার দাস

**সদস্য**
বিমল কুমার সাহা

**সদস্য**
দীপক লাল কর্মকার

**সদস্য**
প্রদীপ কুমার সাহা

**সদস্য**
ঝন্টু চন্দ্র সাহা

**সদস্য**
সঞ্জীব মৈত্র